

ফাতওয়া নাম্বার: ৪১৫

প্রকাশকাল: ১৪-১০-২০২৩ ইং

এতিমের জন্য প্রদত্ত দানের অর্থ কি সাধারণ গরীব ছাত্রের জন্য ব্যয় করা যাবে?

প্রশ্নঃ

আমাদের মাদরাসায় ২০জন এতিম ও দুঃস্থ ছাত্রের জন্য দুই হাজার করে প্রতি মাসে ৪০ হাজার টাকা আসে। মাদরাসায় দুই-একজন প্রকৃত অর্থে এতিম ছাত্র থাকলেও বেশির ভাগই হলো সাধারণ গরীব ছাত্র। তাদের মাসিক খরচ জনপ্রতি দুই হাজারেরও বেশি পড়ে। মুহতারামের নিকট জানার বিষয় হলো, এই ৪০ হাজার টাকা থেকে কি সরাসরি হোস্টেল খরচ কিংবা শিক্ষকদের বেতন দেওয়া যাবে?

উল্লেখ্য, মাদরাসার হোস্টেলে নেসাবের মালিক শিক্ষকগণও খানা খেয়ে থাকেন।

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

حامداً ومصلياً ومسلماً

এতিম-দুঃস্থদের নামে আসা টাকা তাদের পেছনেই খরচ করতে হবে; অন্য খাতে খরচ করা যাবে না। তাদের খাবার-দাবার, পোশাক-পরিচ্ছদ, ওষুধপত্র, খাতা কলম, মাসিক বেতন ইত্যাদিতে খরচ করবে। একইভাবে প্রত্যেক ছাত্রের হোস্টেল খরচ এবং ছাত্রদের মাসিক বেতন ধার্য থাকলে তাও এ টাকা থেকে আদায় করা যাবে।

এতিম গরীবদের হোস্টেল খরচ, মাসিক বেতন বা অন্য যেকোনো প্রদেয় তাদের পক্ষ থেকে মাদরাসায় পরিশোধের পর তা যখন মাদরাসার সাধারণ ফান্ডে চলে যাবে, তখন সেখান থেকে উস্তাদদের বেতনাদি বা

হোস্টেল খরচসহ মাদরাসার যেকোনো খাতেই খরচ করা যাবে। তা না করে এতিম গরীব ছাত্রদের নামে আসা অর্থ থেকে সরাসরি শিক্ষকদের বেতন বা হোস্টেল খরচ প্রদান করা থেকে বিরত থাকবে। শরীয়াহর উপর থাকার জন্য এটাই নিরাপদ প্রক্রিয়া।-রদ্দুল মুহতার: ৩/১৮৯, যাকারিয়া বুক ডিপো

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ হি.

